১৫৭. আইসিটি ব্যবহার করে অফিসের কাজকর্ম নিয়ন্ত্রণ করাকে কী বলা হয়? (জ্ঞান)
ক ই-কমার্স  ● ই-গভর্নেন্স  গ ই-বুক  ঘ এনিমেশন

১৫৮. সেনাবাহিনী আইসিটি ব্যবহার করে কোন কাজে? [রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ক লেখার  খ পড়ার
● প্রতিরক্ষার  ঘ যানবাহন নিয়ন্ত্রণের

১৫৯. কী ব্যবহার করে যেকোনো এলাকাকে তীক্ষ্ণ দৃষ্টিতে মনিটর করা যায়? (জ্ঞান)
ক কম্পিউটার  খ ইন্টারনেট
গ এলইডি টিভি  ● সিসি টিভি

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৬০. প্রচার ও গণমাধ্যম বলতে বোঝায়– (অনুধাবন)
i. রেডিও
ii. টেলিভিশন
iii. অনলাইন সংবাদ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

১৬১. প্রকাশনার ক্ষেত্রে আইসিটি ব্যবহার করায়– (অনুধাবন)
i. বিশাল সংখ্যক বই দ্রুত ছাপানো যায়
ii. নির্ভুল ও আকর্ষণীয় করে বই ছাপানো যায়
iii. ছাপানো বইগুলো ওয়েবসাইটে রেখে দেওয়া যায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

১৬২. ব্যাংকিং প্রতিষ্ঠানগুলোতে আইসিটি ব্যবহার করায়– (অনুধাবন)
i. ব্যাংকের যেকোনো শাখা থেকে টাকা তোলা যায়
ii. ATM মেশিন থেকে যেকোনো সময় টাকা তোলা যায়
iii. টাকা জমা না রেখেও প্রয়োজনে টাকা তোলা যায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

১৬৩. লায়লা বেগম ব্যাংক থেকে দিন রাত চব্বিশ ঘণ্টার যেকোনো সময় টাকা তুলতে পারবেন– (প্রয়োগ)
i. ডেবিট কার্ড ব্যবহার করে
ii. ক্রেডিট কার্ড ব্যবহার করে
iii. চেক বই ব্যবহার করে
নিচের কোনটি সঠিক?
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

১৬৪. আইসিটির প্রদত্ত ব্যাংকিং সেবা হচ্ছে– (অনুধাবন)
i. অনলাইন ব্যাংকিং
ii. মোবাইল ব্যাংকিং
iii. এটিএম কার্ড
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

১৬৫. ব্যাংকিং প্রতিষ্ঠানে আইসিটি ব্যবহার করা হয়– (অনুধাবন)
i. অর্থের লেনদেনে
ii. নিরাপত্তা নিশ্চিতকরণে
iii. গ্রাহক হিসাব সংরক্ষণে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ● i, ii ও iii

১৬৬. বর্তমানে শিল্প ও সংস্কৃতি ক্ষেত্রে আইসিটি ব্যাপকভাবে ব্যবহার করা হয়। এর কারণ হলো– (উচ্চতর দক্ষতা)
i.আইসিটি ব্যবহার করলে পরিশ্রম কম হয়
ii. আইসিটি ব্যবহার করলে সময় কম লাগে
iii. আইসিটি ব্যবহার করলে কাজের মান ভালো হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

১৬৭. দৈনন্দিন জীবনে ছাপ ফেলেছে আইসিটির এরকম ব্যবহারগুলো হলো– (অনুধাবন)
i. প্রচার ও গণমাধ্যম
ii. ব্যবসা-বাণিজ্য
iii. ব্যাংক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

১৬৮. অনলাইনের সাথে সম্পৃক্ত হলো– (অনুধাবন)
i. টেলিমেডিসিন
ii. ই-গভর্নেন্স
iii. ই-কমার্স
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii  ● ii ও iii  ঘ i, ii ও iii

১৬৯. অফিসে আইসিটি ব্যবহার করার উদ্দেশ্য হলো– [রংপুর জিলা স্কুল]
i. দ্রুত কাজ করা
ii. আভিজাত্য প্রকাশ করা
iii. নির্ভুলভাবে কাজ করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  ● i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

১৭০. ই-গভর্নেন্স প্রক্রিয়ায়– (অনুধাবন)

i. দেশের প্রতিরৰা নিশ্চিত হয়
ii. অফিসের কাজকর্ম করা যায়
iii. সময় বাঁচে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  ● ii ও iii  ঘ i, ii ও iii

**১৭১. আইসিটির ব্যবহার ছাড়া রাতারাতি অচল হয়ে যাবে–** (অনুধাবন)
i. যানবাহন নিয়ন্ত্রণ
ii. কলকারখানা পরিচালনা
iii. অফিসের কাজকর্ম নিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৭২ ও ১৭৩ নং প্রশ্নের উত্তর দাও :**
অঙ্ক পরীৰার আগের দিন মিলা তার অঙ্ক বইটি খুঁজে না পেয়ে কান্না শুরব করে দিল। তখন তার বাবা তার কম্পিউটারে বসে NCTB-র ওয়েবসাইট থেকে অঙ্ক বইটি প্রথমে ডাউনলোড করল। তারপর বইটি প্রিন্ট করে মিলাকে একটি অঙ্ক বই বানিয়ে দিল।

**১৭২. মিলার বাবার কম্পিউটারের সাথে কীসের সংযোগ থাকায় সে বইটি ডাউনলোড করতে পেরেছে?** (প্রয়োগ)
ক টেলিফোন লাইন  ● ইন্টারনেট
গ ওয়েবক্যাম  ঘ প্রিন্টার

**১৭৩. উক্ত কাজটি করার ক্ষেত্রে মিলার বাবা যেসব প্রযুক্তির সহায়তা নিয়েছে তা হলো–** (উচ্চতর দৰতা)
i. কম্পিউটার
ii. মোবাইল ফোন
iii. ইন্টারনেট
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  ● i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

## ➲ পাঠ ৭ ও ৮ : তথ্য ও যোগাযোগ প্রযুক্তির গুরুত্ব

➨ বোর্ড বই, পৃষ্ঠা ১৪ ও ১৫

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৭৪. আমাদের জীবনের প্রতিটি ক্ষেত্রে সম্পূর্ণ একটা নতুন রূপ দিতে পারবে কোনটি?** (অনুধাবন)
ক টেলিভিশন  খ মোবাইল ফোন
গ কম্পিউটার  ● তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

**১৭৫. কোনটি ব্যবহার করে আমরা আমাদের জীবনকে অনেক সহজ করে ফেলতে পারি?** (অনুধাবন)
ক ইন্টারনেট  খ কম্পিউটার
গ ATM মেশিন  ● তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

**১৭৬. এ যুগের মানুষ অনেক বেশি কর্মদক্ষ কেন?** (অনুধাবন)
ক শারীরিক দৰতার কারণে
খ দূষণমুক্ত পরিবেশের কারণে
● তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কারণে
ঘ উন্নত চিকিৎসা সেবার কারণে

**১৭৭. বর্তমান পৃথিবীর সবচেয়ে মূল্যবান সম্পদ কী?** (জ্ঞান)
● জ্ঞান  খ তেলের খনি
গ রবপার খনি  ঘ সোনার খনি

**১৭৮. পৃথিবীর সম্পদশালী দেশ কোনটি?** (জ্ঞান)
ক যে দেশে তেলের খনি আছে
খ যে দেশে সোনার খনি আছে
গ যে দেশে বড় বড় কলকারখানা আছে
● যে দেশের মানুষ শিৰিত এবং জ্ঞান চর্চা করে

**১৭৯. তথ্যের চর্চা আর বিশ্লেষণ থেকে কী জন্ম নেয়?** (জ্ঞান)
ক উপাত্ত  খ প্রেৰাপট  ● জ্ঞান  ঘ অভিজ্ঞতা

**১৮০. কোন যন্ত্র ব্যবহার করে রান্না করা হয়?** (জ্ঞান)
ক এটিএম মেশিন  খ ক্লোজ সার্কিট টিভি
গ জিপিএস  ● মাইক্রোওয়েভ

**১৮১. রোগ নির্ণয়ের কাজে কোন যন্ত্রটি ব্যবহার করা হয়?** (জ্ঞান)
ক জিপিএস  খ মাইক্রোওয়েভ
● সিটিস্ক্যান  ঘ এটিএম মেশিন

**১৮২. জিপিএস ব্যবহার করে কী করা হয়?** [রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ক রোগ নির্ণয়  খ রান্না করা
● গাড়ি চালানো  ঘ খবর দেখা

**১৮৩. গৃহস্থালির কাজে কোন যন্ত্রটি ব্যবহার করা যায়?** (প্রয়োগ)
ক ডিজিটাল ক্যামেরা  ● ওয়াশিং মেশিন
গ ই–বুক  ঘ জিপিএস

**১৮৪. আমরা যদি আমাদের দেশকে সম্পদশালী করে গড়ে তুলতে চাই তাহলে আমাদের এখন কী করণীয়?** (উচ্চতর দৰতা)
ক দেশের তেলের খনিগুলো খুঁজে বের করা
খ বেশি করে মানব সম্পদ রপ্তানি করা
গ দেশে বড় বড় কলকারখানা গড়ে তোলা
● তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দ্রবত শিখে নেওয়া

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৮৫. বর্তমান যুগে আমরা আমাদের দৈনন্দিন জীবনের প্রায় সকল ক্ষেত্রেই তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করছি। তাই পূর্বের তুলনায় আমাদের জীবন এখন–** (উচ্চতর দৰতা)
i. অনেক বেশি সহজ
ii. অনেক বেশি আনন্দময়
iii. অনেক বেশি স্বাচ্ছন্দ্যময়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

**১৮৬. তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কারণে এ যুগের মানুষ–** (অনুধাবন)
i. অতিরিক্ত আরাম প্রিয়
ii. অনেক বেশি কর্মদৰ
iii. অনেক বেশি গতিসম্পন্ন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
● ii ও iii  ঘ i, ii ও iii

**১৮৭. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে আমরা–** (অনুধাবন)
i. নিজেদের জীবনকে সহজ করতে পারি
ii. আমাদের দেশকে পাল্টে ফেলতে পারি
iii. আমাদের দেশকে সম্পদশালী করে গড়ে তুলতে পারি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

**১৮৮. এক সময় পৃথিবীর সম্পদ মনে করা হতো–** (অনুধাবন)
i. তেলের খনিকে
ii. রবপার খনিকে
iii. লোহার খনিকে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ● i, ii ও iii

**১৮৯. এখন পৃথিবীর সম্পদশালী দেশ হচ্ছে–** (অনুধাবন)
i. যে দেশের মানুষ শিৰিত
ii. যে দেশের মানুষ জ্ঞান চর্চা করে
iii. যে দেশের মানুষ তথ্য বিশেরষণ করতে পারে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

**১৯০. বিনোদনের ক্ষেত্রে ব্যবহৃত আইসিটি ডিভাইস–** (অনুধাবন)
i. জিপিএস

ii. কম্পিউটার
iii. টেলিভিশন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii
● ii ও iii ⓜ i, ii ও iii

**১৯১. গৃহস্থালি কাজে ব্যবহারযোগ্য প্রযুক্তি–** (অনুধাবন)
i. মোবাইল ফোন
ii. ওয়াশিং মেশিন
iii. মাইক্রোওয়েভ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii
● ii ও iii ⓜ i, ii ও iii

**১৯২. আইসিটি ডিভাইসগুলো–** [নাটোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
i. দ্রুত
ii. সাশ্রয়ী
iii. সহজলভ্য
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৯৩ ও ১৯৪ নং প্রশ্নের উত্তর দাও :**
সারাদিন অফিস করে সন্ধ্যায় বাড়ি ফিরে রান্না করা, কাপড় ধোয়া ইত্যাদি ভারি কাজগুলো রোমানা হককে নিজ হাতে করতে হয়। তাই তিনি বিশ্রাম ও বিনোদনের জন্য পর্যাপ্ত সময় পান না। সম্প্রতি তিনি এসব কাজে আইসিটির সাহায্য নেওয়ার কথা ভাবছেন।

**১৯৩. রোমানা হক তার বাড়ির কাজগুলো সহজ করতে ব্যবহার করতে পারেন–** (প্রয়োগ)
i. কম্পিউটার
ii. মাইক্রোওয়েভ
iii. ওয়াশিং মেশিন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii
● ii ও iii ⓜ i, ii ও iii

**১৯৪. উক্ত যন্ত্রগুলো রোমানা হকের জীবনে কীরূপ প্রভাব ফেলবে?** (উচ্চতর দক্ষতা)
ⓚ তার জীবনে জটিলতা সৃষ্টি করবে
ⓛ তার জীবনকে কর্মহীন করে তুলবে
ⓖ তার জীবনকে আধুনিক করে তুলবে
● তার জীবনকে সহজ করে তুলবে

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৯৫ ও ১৯৬ নং প্রশ্নের উত্তর দাও :**
গতকাল অয়নের জন্মদিন ছিল। এ উপলক্ষে সে তার বাবার কাছ থেকে একটি আইসিটি যন্ত্র উপহার পেয়েছে। যন্ত্রটি দিয়ে সে বই পড়তে পারবে। এ যন্ত্রটি ছাড়াও তার আরও তিনটি আইসিটি যন্ত্র আছে।

**১৯৫. জন্মদিন উপলক্ষে অয়নের বাবা অয়নকে কী উপহার দিয়েছে?** (প্রয়োগ)
ⓚ ATM কার্ড ● ই–বুক
ⓖ ডিজিটাল ক্যামেরা ⓜ ইলেকট্রনিক গিটার

**১৯৬. অয়নের কাছে থাকা অন্যান্য আইসিটি যন্ত্রগুলো হতে পারে–**(উচ্চতর দক্ষতা)
i. মোবাইল ফোন
ii. ডিজিটাল ক্যামেরা
iii. এটিএম মেশিন
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓜ i, ii ও iii

# সংক্ষিপ্ত উত্তর প্রশ্নোত্তর

## ■ মাস্টার ট্রেইনার প্রণীত প্রশ্নোত্তর

**প্রশ্ন– ১ ▶ গ্লোবাল ভিলেজ বলতে কী বোঝায়?**
**উত্তর :** একটা সময় ছিল যখন এক দেশ থেকে অন্য দেশে কেউ চিঠি লিখলে তা পৌঁছাতে এক–দুই সপ্তাহ লেগে যেত। কারণ কাগজে লেখা চিঠিগুলো তখন জাহাজ, প্লেন কিংবা গাড়িতে করে এক দেশ থেকে অন্য দেশে পাঠানো হতো। তারপর সেখান থেকে নির্দিষ্ট ঠিকানায় চিঠিগুলো পৌঁছে দেওয়া হতো। কিন্তু এখন কাজের কথা বিনিময় করার জন্য নতুন অনেক পদ্ধতি বের হয়েছে। সেগুলো ব্যবহার করে আমরা চিঠি, ছবি, কথা, ভিডিও সবকিছু মুহূর্তের মধ্যে পৃথিবীর এক প্রান্ত থেকে অন্য প্রান্তে পাঠিয়ে দিতে পারি। একটা গ্রামে যেমন একজন মানুষ আরেকজনের সাথে যখন খুশি যোগাযোগ করতে পারে- ঠিক তেমনি আধুনিক প্রযুক্তি ব্যবহার করে আমরা সারা পৃথিবীর মানুষের সাথে যোগাযোগ করতে পারি। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নতির ফলে সারা বিশ্বের যোগাযোগ ব্যবস্থা এরূ প সহজ হয়ে যাওয়ার ব্যাপারটি বোঝানোর জন্য পুরো পৃথিবীটাকে এখন 'গ্লোবাল ভিলেজ' হিসেবে আখ্যায়িত করা।

**প্রশ্ন– ২ ▶ আমাদের জীবনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির গুরুত্ব ব্যাখ্যা কর।**
**উত্তর :** আমাদের জীবনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির গুরুত্ব অপরিসীম। কেননা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে আমরা আমাদের জীবনটাকে সহজ করে নিতে পারি। আগে যে কাজ করতে দিনের পর দিন লেগে যেত, যে কাজগুলো ছিল নিরস, আনন্দহীন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে সে কাজগুলো আমরা চোখের পলকে করতে পারি। বাড়তি সময়টুকু আমরা আনন্দের কাজে ব্যয় করতে পারি। তাই এই যুগের মানুষ অনেক বেশি কর্মদক্ষ, অনেক কম সময়ে তারা অনেক বেশি কাজ করতে পারে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি যেসব ক্ষেত্রে ব্যবহার করা হচ্ছে, সেই ক্ষেত্রগুলো তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কারণে সম্পূর্ণ একটা নতুন রূ প লাভ করছে। সত্যিকথা বলতে কি পৃথিবীটা এখন এমন এক পর্যায়ে পৌঁছে গেছে যে, আমরা যদি আমাদের জীবনের কাজকর্মগুলো করার ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার না করি, তাহলে আমরা অনেক পিছিয়ে পড়ব। তাই বর্তমান যুগের সাথে তাল মিলিয়ে চলার জন্য আমাদের সবাইকে ব্যবহারযোগ্য সকল ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবশ্যই ব্যবহার করতে হবে।

**প্রশ্ন– ৩ ▶ স্মার্টফোন সম্পর্কে লেখ।**
**উত্তর :** তথ্য প্রযুক্তির যুগে মোবাইল ফোন দিয়ে এখন অনেক ধরনের কাজ করা হচ্ছে। একসময় মোবাইল দিয়ে শুধু কথা বলা যেত। এখন মোবাইল দিয়ে গান শোনা যাচ্ছে, ছবি তোলা যাচ্ছে, ভিডিও করা ও দেখা যাচ্ছে, রেডিও শোনাসহ এ রকম অসংখ্য কাজ করা যাচ্ছে। মোবাইল ফোন ধীরে ধীরে বুদ্ধিমান যন্ত্রে পরিণত হয়ে যাচ্ছে। তাই বর্তমানে একটি আধুনিক মোবাইল ফোনকে স্মার্টফোন বলা হচ্ছে।

**প্রশ্ন– ৪ ▶ প্রযুক্তি ব্যবহারে সতর্কতা অবলম্বন করা জরুরি কেন?**
**উত্তর :** বিজ্ঞানের তথ্যের ওপর নির্ভর করে তৈরি করা নানারকম যন্ত্রপাতি আর কলাকৌশল ব্যবহার করে যখন মানুষের জীবনটাকে সহজ করে দেওয়া হয় সেটাই হচ্ছে প্রযুক্তি। প্রযুক্তি ব্যবহারের মূল লক্ষ্য হলো মানব জীবনের কল্যাণ সাধন। কিন্তু সব প্রযুক্তি এ লক্ষ্য অর্জনের ক্ষেত্রে সহায়ক নয়। কিছু কিছু প্রযুক্তি এ লক্ষ্য অর্জনের ক্ষেত্রে অন্তরায় হিসেবেও কাজ করে। এ ধরনের প্রযুক্তি মানুষের জীবন সহজ করতে গিয়ে জীবনটাকে অনেক জটিল করে দেয়। প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য নষ্ট করে মানুষের জন্য বিপদ ডেকে আনে। আমরা নিজেরাও অনেক সময় অপ্রয়োজনীয় শক্তির জন্য লোভ করে পৃথিবীতে অশান্তি ডেকে আনি। তাই মানব কল্যাণের কথা চিন্তা করে আমাদের সবার প্রযুক্তি ব্যবহারে সতর্কতা অবলম্বন করা জরুরি।

**প্রশ্ন– ৫ ▶ অনলাইন ব্যাংকিং বলতে কী বোঝায়?**

**উত্তর :** যেসব ব্যাংকে অনলাইনের মাধ্যমে টাকা জমাদান ও উত্তোলন করা যায়, তাকে অনলাইন ব্যাংকিং বলে। একটা সময় ছিল যখন একজন মানুষকে ব্যাংক থেকে টাকা তুলতে হলে তাকে ব্যাংকে যেতে হতো। কিন্তু, এখন আর সেটি করতে হয় না। অনলাইন ব্যাংকিং সেবায় ব্যাংকের হিসাবধারী (একাউন্ট হোল্ডার) যেকোনো শাখায় টাকা জমা ও উত্তোলনের সুবিধা পেয়ে থাকে। শুধু তাই নয়, যেখানে এটিএম মেশিন (Automated Teller Machine) আছে সেখান থেকে ব্যাংক কার্ড দিয়ে দিন–রাত চব্বিশ ঘণ্টার যেকোনো সময় টাকা তোলা যায়। ব্যাপারটি আরও সহজ করার জন্য বর্তমানে মোবাইল টেলিফোন ব্যবহার করে ব্যাংকিং শুরব হয়ে গেছে।

**প্রশ্ন– ৬ ▶ আমাদের দেশে এখন ঘূর্ণিঝড়ে বেশি মানুষ মারা যায় না কেন?**

**উত্তর :** আমাদের দেশের দৰিণে বঙ্গোপসাগর। তাই দৰিণ অঞ্চলের মানুষদের মাঝে মাঝেই ঘূর্ণিঝড়ের কবলে পড়ে বিভিন্ন ধরনের ৰতির সম্মুখীন হতে হয়। আগে এসব ঘূর্ণিঝড়ে অনেক মানুষ মারা যেত। ১৯৭০ সালের প্রলয়ঙ্করী ঘূর্ণিঝড়ে এদেশের প্রায় পাঁচ লৰ লোক মারা গিয়েছিল। আগের মতো এখনো মাঝে মাঝে আমাদের দেশে ঘূর্ণিঝড় আঘাত হানে। তবে সেই ঘূর্ণিঝড়ে আগের মতো অনেক মানুষ মারা যায় না। কারণ আইসিটি ব্যবহার করার কারণে ঘূর্ণিঝড় আঘাত হানার অনেক আগেই আমরা ঘূর্ণিঝড়ের পূর্বাভাস পেয়ে যাই। সেই পূর্বাভাসের খবর রেডিও, টেলিভিশনের মাধ্যমে সম্প্রচার করে উপকূলের মানুষদের সতর্ক করে দেওয়া হয়। তাই ঘূর্ণিঝড় আঘাত হানার আগেই তারা নিরাপদ আশ্রয়ে চলে যেতে পারে। এ কারণেই ঘূর্ণিঝড় আগের মতো আমাদের দেশে আঘাত হানলেও আগের মতো এত বেশি মানুষ মারা যায় না।

**প্রশ্ন– ৭ ▶ আইসিটি ব্যবহার করে শিক্ষাজীবনকে কীভাবে আনন্দময় করে তোলা যায়?** [বগুড়া জিলা স্কুল]

**উত্তর :** আমাদের দেশের প্রচলিত ব্যবস্থায় শিৰার্থীরা প্রায়ই হাঁপিয়ে উঠে। দীর্ঘৰণ ক্লাসে বসে শিৰকের বক্তৃতা শোনা, বুঝে না বুঝে মাথা গুঁজে বই মুখস্থ করা, গতানুগতিক পদ্ধতিতে পরীৰায় অংশগ্রহণ করা ইত্যাদি কারণে শিৰার্থীদের কাছে শিৰাগ্রহণের বিষয়টি আনন্দের না হয়ে বোঝা হয়ে উঠে। এৰেত্রে আইসিটি ব্যবহার করে তাদের শিৰাজীবনকে আনন্দময় করে তোলা যায়। ক্লাসরবমে মাল্টিমিডিয়া প্রজেক্টর ব্যবহার করে লেখাপড়ার অসংখ্য চমকপ্রদ বিষয় শিৰার্থীদের দেখানো যায়, বিজ্ঞানের বিষয়গুলো স্ক্রিনে প্রদর্শন করা যায়, পরীৰার খাতার পরিবর্তে সরাসরি কম্পিউটারে তাদের পরীৰা নেওয়া যায়। তাদেরকে ই–বুক ব্যবহারের সুযোগ করে দিলে তারা সেখানে পাঠ্য বইয়ের পাশাপাশি আরও কয়েক হাজার বই সংরৰণ করতে পারবে। অবসর সময়ে সেই সব বই পড়ে তারা আনন্দ লাভের পাশাপাশি জ্ঞানার্জন করার সুযোগ পাবে। ফলে পড়াশোনার প্রতি তাদের আগ্রহ বাড়বে। তাদের শিৰাজীবন আনন্দময় হয়ে উঠবে।

**প্রশ্ন– ৮ ▶ মানুষ হিসেবে আমরা খুব সৌভাগ্যবান কেন?**

**উত্তর :** একটা সময় সাধারণ মানুষ তথ্য প্রযুক্তি ব্যবহারের সুযোগ থেকে বঞ্চিত ছিল। তারপর বিজ্ঞানের আশীর্বাদে তারা যখন সেই সুযোগ পেল তখন থেকেই তারা নিজেদের ব্যবহার বৃদ্ধির পাশাপাশি অন্যদের ব্যবহারের সুযোগ সৃষ্টি করে দিতে সচেস্ট থেকেছে। তাদের এরূ প প্রচেস্টার ফলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আজ উন্নতির শিখরে পৌঁছে গেছে। আর তাই পৃথিবীতে একটা অসাধারণ বিপরব ঘটে যাচ্ছে। আমরা এ যুগের মানুষ সেই বিপরবটাকে ঘটতে দেখছি। সবকিছু পাল্টে যাচ্ছে– আমরা চাইলে সেই নতুন জীবনে বসবাস করতে পারি কিংবা আমরা নিজেরাই পৃথিবীটাকে পাল্টে দেওয়ার কাজে লেগে যেতে পারি। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সম্পর্কে ভালোভাবে জেনে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আমাদের জীবনটাকে কীভাবে বদলে দিয়েছে তা সঠিকভাবে অনুধাবন করে নতুন নতুন জিনিস আবিষ্কারের মাধ্যমে আমরা আমাদের দেশ ও পৃথিবীটাকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির দিকে এগিয়ে নিয়ে যেতে পারি। তাই মানুষ হিসেবে আমরা খুবই সৌভাগ্যবান।

**প্রশ্ন– ৯ ▶ তথ্য প্রযুক্তি বলতে কী বোঝায়?**

**উত্তর :** উপাত্তের সাথে যদি কোনো ঘটনা, প্রেৰাপট বা পরিস্থিতির সম্পর্ক থাকে তাহলে সে উপাত্তগুলো অর্থপূর্ণ হয়। এ ধরনের উপাত্ত সহজে বোঝা যায় এবং প্রয়োজনে ব্যবহার করা যায়। এ ধরনের উপাত্তকে বলা হয় তথ্য আর এই তথ্যকে আদানপ্রদান কিংবা বাঁচিয়ে রাখার জন্য যে প্রযুক্তি ব্যবহার করা হয় তাকে বলা হয় তথ্য প্রযুক্তি। তথ্য প্রযুক্তি ব্যবহার করে আমরা পৃথিবীর এক প্রান্তে বসে অন্য প্রান্তের লোকজনের সাথে তথ্য আদানপ্রদান করতে পারি এবং প্রয়োজনে তথ্যকে দীর্ঘদিন সংরৰণ করতে পারি। অর্থাৎ তথ্য আদানপ্রদান ও সংরৰণের কাজে ব্যবহৃত প্রযুক্তিই তথ্য প্রযুক্তি।

**প্রশ্ন– ১০ ▶ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে সারা পৃথিবীকে বদলে দেওয়ার একটা বিপ্লব শুরু হয়েছে– ব্যাখ্যা কর।**

**উত্তর :** একটা সময় ছিল যখন কম্পিউটার ছাড়া তথ্য প্রযুক্তি ব্যবহার করার সুযোগ ছিল। আর সেই কম্পিউটারের মূল্য ছিল লৰ কোটি টাকা। তাই সাধারণ মানুষ ছিল তথ্য প্রযুক্তি ব্যবহারকারীর তালিকার বাইরে। কিন্তু এখন কম্পিউটার ছাড়াও বিভিন্ন উপকরণ ব্যবহার করে তথ্য প্রযুক্তি ব্যবহার করার সুযোগ সৃষ্টি হয়েছে। আর এসব উপকরণের মূল্য সাধারণ মানুষের ক্রয়সীমার মধ্যে। তাই সাধারণ মানুষও আজ তথ্য প্রযুক্তি ব্যবহারের সুফল ভোগ করছে। তথ্য প্রযুক্তি ব্যবহারের জন্য এখন কম্পিউটারের পাশাপাশি নতুন নতুন যন্ত্রপাতি তৈরি হচ্ছে, কম্পিউটার আর যন্ত্রপাতি ব্যবহার করার জন্য নতুন নতুন সফটওয়্যার তৈরি হচ্ছে। যোগাযোগ সহজ করার জন্য অপটিক্যাল ফাইবার কিংবা উপগ্রহ তৈরি হচ্ছে, তথ্য আদানপ্রদানের জন্য ইন্টারনেট দাঁড় করানো হয়েছে এবং ইনফরমেশন সুপার হাইওয়ে তৈরি করা হয়েছে। সবকিছু মিলিয়ে একদিকে যেমন পৃথিবীর যেকোনো প্রান্ত থেকে অন্য প্রান্তের তথ্য আদানপ্রদান সহজ হয়ে গেছে ঠিক তেমনি পৃথিবীর সবচেয়ে বেশি ৰমতাশীল মানুষ যে তথ্যটি নিতে পারে– একেবারে সাধারণ একজন মানুষও ঠিক সেই তথ্যটি নিজের জন্য নিতে পারে। তাই বলা যায়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে সারা পৃথিবীকে বদলে দেওয়ার একটা বিপরব শুরব হয়েছে।

**প্রশ্ন– ১১ ▶ বিজ্ঞান ও গবেষণায় আইসিটি কীভাবে ব্যবহৃত হচ্ছে?**

**উত্তর :** বর্তমানে আইসিটি সবচেয়ে বেশি ব্যবহৃত হচ্ছে বিজ্ঞান ও গবেষণায়। আইসিটির কারণে বিজ্ঞানীরা গবেষণার অনেক জটিল কাজ এখন সহজে করে ফেলতে পারেন। আইসিটি গবেষণার জগতে শুধু যে বিশাল উন্নতি সাধন করেছে তা নয়– এখানে একটা নতুন মাত্রা যোগ করেছে। তাই মানুষ এখন সাহিত্য, শিল্প, সমাজবিজ্ঞান, গণিত, বিজ্ঞান যা নিয়েই গবেষণা করবক না কেন তাদের আইসিটির সাহায্য নিতেই হবে। কারণ গবেষণা করতে হলেই নানা ধরনের তথ্য নিয়ে কাজ করতে হয়। তথ্য সংগ্রহ করতে হয়, প্রক্রিয়া করতে হয়, তথ্য বিশেরষণ করতে হয় এবং গবেষণা শেষে তথ্যকে সুন্দর করে প্রদর্শন করতে হয়। আগে এ কাজগুলো হাতে কলমে করতে হতো বলে দৈহিক পরিশ্রম বেশি হতো। কিন্তু এখন আইসিটি ব্যবহার করা হয় বলে এসব কাজ গবেষকরা খুব অল্প সময়ে নির্ভুলভাবে করে ফেলতে পারে। আমাদের দেশের বিজ্ঞানীরা যখন পাটের জিনোম বের করেছিল তখন তারাও আইসিটি ব্যবহার করেছিলেন।

**প্রশ্ন– ১২ ▶ শিশুদের বিনোদনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার কেমন হওয়া উচিত?**

**উত্তর :** বর্তমান যুগে বিনোদনও তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ওপর নির্ভর করতে শুরব করেছে। বই পড়া, গান শোনা, সিনেমা দেখা থেকে শুরব করে কম্পিউটার গেম খেলা পর্যন্ত এই প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে। ক্রিকেট ও ফুটবল খেলায় এই প্রযুক্তি চমৎকারভাবে ব্যবহৃত হচ্ছে। খেলার মাঠে না গিয়েও আমরা ঘরে বসে এসব

খেলা নিখুঁতভাবে উপভোগ করতে পারছি। তবে শিশুদের বিনোদনের ৰেত্রে এই প্রযুক্তির ব্যবহারে সতর্কতা অবলম্বন করা আবশ্যক। কারণ শিশুদের শারীরিক গঠন ও মানসিক বিকাশের জন্য খোলা মাঠে ছোটাছুটি করা প্রয়োজন। কিন্তু তারা যদি তা না করে কম্পিউটার বা অনুরূ প কোনো বিনোদন উপকরণ নিয়ে দীর্ঘ সময় ডুবে থাকে তাহলে তাদের শারীরিক গঠন ব্যাহত হবে এবং তাদের মানসিক বিকাশের ৰেত্রেও এর নেতিবাচক প্রভাব পড়বে। তাই শিশুদের শারীরিক বৃদ্ধি ও মানসিক বিকাশ স্বাভাবিক রাখার জন্য শিশুদের বিনোদনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার সীমিত হওয়া উচিত।

**প্রশ্ন– ১৩ ▶ আমাদের দেশের প্রকাশনায় কীভাবে আইসিটি ব্যবহার করা হচ্ছে?** [নওগাঁ জিলা স্কুল]

**উত্তর :** আমাদের দেশের স্কুলপড়ুয়া ছেলেমেয়েদেরকে প্রতিবছর সরকারের পৰ থেকে নতুন বই দেওয়া হয়। এই নতুন বইয়ের সংখ্যা কোটি কোটি। বিশাল সংখ্যক এই বই নির্দিষ্ট সময়ের মধ্যে ছাপানোর জন্য প্রকাশনায় আইসিটি ব্যবহার করা হয়। আইসিটি ব্যবহার করে শুধু যে নির্ভুল আর আকর্ষণীয় করে বই ছাপানো যায় তাই নয়; এসব বই ওয়েবসাইটে রেখে দেওয়া যায়। ওয়েবসাইটে রেখে দেওয়া এ স ব ব ই শিৰার্থীরা তাদের প্রয়োজনে পড়তে পারবে, ডাউনলোড করে নিতে পারবে। প্রকাশনার জগতে আইসিটির এরূ প ব্যবহার শিৰার্থীদের শিৰাগ্রহণের বিষয়টিকে অনেক সহজ করে তুলেছে।

**প্রশ্ন– ১৪ ▶ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কাকে বলে? প্রচার ও গণমাধ্যমে এর ব্যবহার লেখ।**

**উত্তর :** যে প্রযুক্তি ব্যবহার করে তথ্য আদানপ্রদান করা যায়, তথ্যকে বাঁচিয়ে রাখা বা সংরৰণ করা যায় আবার প্রয়োজনে তথ্যকে খুঁটিয়ে খুঁটিয়ে দেখা যায়, বিশেৰষণ করা যায় এবং নিজের কাজে ব্যবহার করা যায় তাকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বলে।

**প্রচার ও গণমাধ্যমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার :** রেডিও, টেলিভিশন, খবরের কাগজ বা অনলাইন সংবাদ মাধ্যমকে বলা হয় প্রচার ও গণমাধ্যম। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করার কারণে এই বিষয়গুলো আগের তুলনায় এখন অনেক বেশি উন্নত হয়েছে। তাই পৃথিবীর যেকোনো প্রান্তে ঘটে যাওয়া যেকেনো ঘটনার সংবাদ আমরা মুহূর্তের মধ্যে পেয়ে যাই। শুধু তাই নয় আইসিটির কারণে সেই সব ঘটনার ভিডিও চিত্রও আমরা সঙ্গে সঙ্গে দেখতে পাই।

**প্রশ্ন– ১৫ ▶ GPS (জিপিএস) সম্পর্কে লেখ।**

**উত্তর :** GPS হলো Global Positioning System এর সংৰিপ্ত রূ প। এর সাহায্যে আমাদের অবস্থান সম্পর্কে নিখুঁতভাবে জানা যায়। এটি আজকাল প্রায় সব স্মার্টফোনেই লাগানো থাকে। নতুন প্রায় সব গাড়িতে পথ দেখানোর জন্য জিপিএস লাগানো থাকে।

পৃথিবীকে ঘিরে কৃত্রিম উপগ্রহ ঘুরছে যা পৃথিবীতে সংকেত পাঠায়। জিপিএস এর এই সংকেত বিশেৰষণ করে মানুষ বুঝতে পারে সে কোথায় আছে এবং এর সাথে জুড়ে দেওয়া ম্যাপ দেখে একজন মানুষ যেকোনো জায়গায় চলে যেতে পারে। কোথায় যেতে হবে সেটি জিপিএস–এ ঢুকিয়ে দিলে জিপিএস সঠিক পথ দেখিয়ে গন্তব্যে পৌঁছে দিতে সাহায্য করে।

**প্রশ্ন– ১৬ ▶ তথ্য ও যোগাযোগ প্রযুক্তির দ্বারা সংঘটিত পরিবর্তন মানুষের সৃজনশীলতার ওপর নির্ভরশীল কেন?**

**উত্তর :** তথ্য ও যোগাযোগ প্রযুক্তির দ্বারা সংঘটিত পরিবর্তন নির্ভর করে মানুষের সৃজনশীলতার ওপর। যে যত বেশি সৃজনশীল সে তত বেশি ৰেত্রে এটি ব্যবহার করতে পারবে। কম্পিউটার একটি অসাধারণ যন্ত্র, যেটা দিয়ে সম্ভব–অসম্ভব সব কাজ করে ফেলা যায়। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিয়ে আমরা কেবল তথ্যের আদানপ্রদান করি না, তথ্যের বিশেৰষণ বা প্রক্রিয়াকরণেও কম্পিউটার ব্যবহার করা হয়। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির পরিবর্তনের সবচেয়ে চমকপ্রদ বিষয় হলো কম্পিউটার এখন এত ছোট করে তৈরি করা সম্ভব যে, আমাদের মোবাইল ফোনের ভেতরেও সেট করা যায়। আমরা যে কাজগুলো শুধুমাত্র কম্পিউটার দিয়ে করতে পারতাম সেগুলো আমরা এখন মোবাইল টেলিফোন দিয়েই করতে পারি।

**প্রশ্ন– ১৭ ▶ আইসিটি কীভাবে আমাদের দেশের কৃষকদের সাহায্য করছে?** [পাবনা জিলা স্কুল]

**উত্তর :** আমাদের দেশ একটি কৃষিনির্ভর দেশ। এ দেশের বিশাল জনগোষ্ঠী তাদের খাদ্য চাহিদা পূরণে চাষিদের ওপর নির্ভরশীল। কৃষিপ্রধান এই বাংলাদেশে আগে চাষিরা সনাতন পদ্ধতিতে কৃষি কাজ করত। এ কারণে তাদের পরিশ্রম হতো অনেক বেশি। কিন্তু সেই তুলনায় তারা অনেক কম ফসল পেত। তাই তারা অর্থনৈতিকভাবে কখনো সচ্ছলতা অর্জন করতে পারত না। কিন্তু এখন তাদের দিন পাল্টে গেছে। কারণ কৃষি কাজে সাহায্য করার জন্য আইসিটি তাদের দিকে সহায়তার হাত বাড়িয়ে দিয়েছে। এখন রেডিও, টেলিভিশনে নিয়মিত কৃষিভিত্তিক অনুষ্ঠান সম্প্রচারিত হচ্ছে, ইন্টারনেটে কৃষির ওপর ওয়েবসাইট তৈরি হয়েছে, এমনকি চাষিরা এখন মোবাইল ফোনে যেকোনো কৃষি সমস্যার সমাধান তাৎৰণিকভাবে পেয়ে যাচ্ছে। আইসিটির প্রদত্ত এসব সুযোগ–সুবিধা পাওয়ার কারণে চাষিরা এখন আধুনিক পদ্ধতিতে কৃষি কাজ করছে। তাই তারা আগের তুলনায় অনেক বেশি ফসল পাচ্ছে। এতে তারা নিজেরা আর্থিকভাবে লাভবান হচ্ছে এবং দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হচ্ছে।

**প্রশ্ন– ১৮ ▶ সামাজিক যোগাযোগের ক্ষেত্রে আইসিটির প্রভাব ব্যাখ্যা কর।**

**উত্তর :** সামাজিক যোগাযোগের ৰেত্রে আইসিটির ইতিবাচক ও নেতিবাচক দুই ধরনের প্রভাবই লৰণীয়। আইসিটির উন্নয়নের ফলে আমরা এখন শুধু মোবাইল ফোন ব্যবহার করেই একে অন্যের সাথে অনেক বেশি যোগাযোগ করতে পারি। তার সাথে যদি এসএমএস, ই–মেইল, চ্যাটিং ইত্যাদি যুক্ত করি তাহলে বলতে হবে সামাজিক যোগাযোগের ৰেত্রে একটা বড় পরিবর্তন এসেছে। কারণ এসব প্রযুক্তি ব্যবহার করে আমরা পৃথিবীর এক প্রান্তে বসে অন্য প্রান্তের লোকজনের সাথে চিঠি, কথা, ছবি, ভিডিও সবকিছুই চোখের পলকে আদানপ্রদান করতে পারি। তবে এ পরিবর্তনের সবটুকুকে ভালো বলা যাবে না। কারণ নতুন প্রজন্মের কেউ কেউ এ ব্যাপারে বেশি সময় নষ্ট করছে। তারা এ ধরনের যোগাযোগকে সত্যিকারের যোগাযোগ ভেবে বড় বড় ভুল করে বসছে। বন্ধু–বান্ধব, আত্মীয় স্বজন থেকে বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে। কাজেই আইসিটির ওপর অতিরিক্ত মাত্রায় নির্ভরশীল হয়ে পড়ার কারণে নতুন প্রজন্ম কেউ কেউ অসামাজিকও হয়ে উঠতে পারে।

**প্রশ্ন– ১৯ ▶ তথ্য প্রযুক্তি তথ্য আদানপ্রদানে কীরূপ পরিবর্তন এনেছে?**

**উত্তর :** তথ্য প্রযুক্তি তথ্য আদানপ্রদানে বৈপ্লবিক পরিবর্তন এনেছে। তবে এই পরিবর্তন একদিনে বা হঠাৎ করে নয়, ধীরে ধীরে। এক সময় মানুষ একজনের সাথে আরেকজন কথা বলেই শুধু তথ্য বিনিময় করতে পারত। তারপর মাটি, পাথর, গাছের বাকলে লিখে তথ্য আদানপ্রদানে ও বাঁচিয়ে রাখা শুরব হলো। চীনারা কাগজ আবিষ্কার করার পর তথ্য আদানপ্রদানের সুযোগ অনেক বেড়ে যায়। টেলিফোন আবিষ্কার হওয়ার পর তথ্য বিনিময় একটা নতুন জগতে পা দেয়। আর বেতার আবিষ্কারের পর সারা পৃথিবীটাই মানুষের হাতের মুঠোয় চলে আসতে শুরব করে। বর্তমানে তথ্য প্রযুক্তি এতটাই উন্নত হয়েছে যে তা ব্যবহার করে আমরা পৃথিবীর এক প্রান্ত থেকে যখন ইচ্ছে চিঠি, কথা, ছবি, ভিডিও মুহূর্তের মধ্যে অন্য প্রান্তে পাঠিয়ে দেওয়া যায়।

**প্রশ্ন– ২০ ▶ আগে সাধারণ মানুষ তথ্য প্রযুক্তি ব্যবহারের সুযোগ পেত না কেন?** [বিএএফ শাহীন কলেজ, ঢাকা]

**উত্তর :** আগে তথ্য প্রযুক্তি ব্যবহার করত কেবল বড় বড় দেশ কিংবা বড় বড় প্রতিষ্ঠান। কারণ তখন তথ্য প্রযুক্তি ব্যবহার করতে কম্পিউটার প্রয়োজন হতো আর সেই কম্পিউটার তৈরি করা কিংবা ব্যবহার করার ৰমতা সবার ছিল না। সেই কম্পিউটারগুলোর ৰমতা খুব বেশি না থাকলেও আকার ছিল বিশাল। একটা কম্পিউটার রাখার জন্য তখন রীতিমতো একটা আস্ত দালান লেগে যেত। আর এই দৈত্যাকার কম্পিউটারের দাম ছিল লৰ কোটি টাকা। এ কারণে তখনকার সাধারণ মানুষ তথ্য প্রযুক্তি ব্যবহারের সুযোগ পেত না।

**প্রশ্ন– ২১ ▶ চিকিৎসা ক্ষেত্রে আইসিটি কীভাবে ব্যবহৃত হচ্ছে?**

**উত্তর :** আজকাল আইসিটি ব্যবহার না করে চিকিৎসার কথা কল্পনাও করা যায় না। আগে কারো অসুখ হলে ডাক্তাররা রোগীর নানা ধরনের উপসর্গ খুঁটিয়ে খুঁটিয়ে দেখে রোগ নির্ণয় করতেন। এখন আধুনিক যন্ত্রপাতি দিয়ে নিখুঁতভাবে রোগ নির্ণয় করা যায়। শুধু তাই নয়, কেউ যদি হাসপাতালে চিকিৎসা নিতে যায়, তখন তার সব ধরনের তথ্য সংরৰণ থেকে শুরব করে তার চিকিৎসার বিভিন্ন খুঁটিনাটি আইসিটি ব্যবহার করে সংরৰণ করা সম্ভব। দূর থেকে টেলিফোন ব্যবহার করেও স্বাস্থ্য সেবা দেওয়া যায়– যেটার নাম টেলিমেডিসিন। টেলিমেডিসিন পদ্ধতি ব্যবহার করে দেশের যেকোনো প্রান্ত থেকে যেকোনো সময় জরবরি অবস্থায় স্বাস্থ্যসেবা গ্রহণ করা যায়।।

**প্রশ্ন– ২২ ▶ আইসিটি ব্যাংকিং সেবায় কীরূপ পরিবর্তন এনেছে?**

**উত্তর :** একটা সময় ছিল যখন একজন মানুষকে ব্যাংক থেকে টাকা তুলতে হলে তাকে ব্যাংকের নির্দিষ্ট শাখায় যেতে হতো। এখন আর সেটি করতে হয় না। কারণ এখন অধিকাংশ ব্যাংক অনলাইন হয়ে গেছে। আর যেসব ব্যাংক অনলাইন হয়ে গেছে সেসব ব্যাংকে জমা রাখা টাকা দেশের ঐ ব্যাংকের যেকোনো শাখা থেকে তোলা যায়। শুধু তাই নয়, যেখানে এটিএম মেশিন আছে সেখান থেকে ব্যাংক কার্ড দিয়ে দিন–রাত চব্বিশ ঘণ্টার যেকোনো সময় টাকা তোলা যায়। ব্যাংক থেকে টাকা তোলার ব্যাপারটি আরও সহজ করার জন্য ইদানীং মোবাইল ফোন ব্যবহার করে ব্যাংকিং শুরব হয়ে গেছে। ব্যাংকিং সেবায় ঘটে যাওয়া এসব পরিবর্তনের পরিপ্রেৰিতে বলা যায়, আইসিটি ব্যাংকিং সেবায় বিশাল পরিবর্তন এনেছে।

**প্রশ্ন– ২৩ ▶ বিদ্যালয়ে ব্যবহৃত আইসিটি নির্ভর ২টি প্রযুক্তি সম্পর্কে লেখ।**

**উত্তর :** বিদ্যালয়ে ব্যবহৃত আইসিটি নির্ভর ২টি প্রযুক্তি হলো :

১. **কম্পিউটার :** কম্পিউটার শব্দের অর্থ গণক বা হিসাবকারী। কম্পিউটার শুধু একটি হিসাবকারী যন্ত্রই নয়, আরও অনেক কিছু। মৌলিক অর্থে কম্পিউটার হলো একটি ইলেকট্রনিক ডিভাইস যা ডেটা বা উপাত্ত প্রক্রিয়াকরণ করে মানুষের জন্য প্রয়োজনীয় তথ্যে রূ পান্তর করে।

২. **প্রজেক্টর :** কম্পিউটারের ছোট মনিটরে এক সাথে কয়েকজন দেখতে পায়। অনেক সময়ই এক সাথে অনেকের দেখার দরকার হয়। এরকম কাজের জন্য মাল্টিমিডিয়া বা ভিডিও প্রজেক্টর ব্যবহার করা হয়। প্রজেক্টর মনিটরের দৃশ্যটি অনেক বড় করে বিশাল স্ক্রিনে দেখাতে পারে।

**প্রশ্ন– ২৪ ▶ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে কীভাবে আমরা দেশকে সমৃদ্ধশালী করে গড়ে তুলতে পারব?**

**উত্তর :** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে আমরা যে শুধুমাত্র আমাদের নিজের জীবনটাকে সহজ করতে পারি তা নয়, আমরা কিন্তু আমাদের দেশটাকেও পাল্টে ফেলতে পারি। একসময় মনে করা হতো তেলের খনি, লোহার খনি বা সোনারবপার খনি কিংবা বড় বড় কলকারখানা হচ্ছে পৃথিবীর সম্পদ। তাই যে দেশে এগুলো বেশি তারা হচ্ছে সম্পদশালী দেশ। এখন কিন্তু এই ধারণাটা পুরোপুরি পাল্টে গেছে। এখন মনে করা হয় জ্ঞান হচ্ছে পৃথিবীর সম্পদ, আর যে দেশের মানুষজন লেখাপড়া শিখে শিৰিত, যারা জ্ঞান চর্চা করে সেই দেশ হচ্ছে সম্পদশালী দেশ। তথ্যের চর্চা আর বিশেরষণ থেকে জ্ঞান জন্ম নেয়। তাই যে দেশ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে তথ্যকে সংগ্রহ করতে পারে, বিশেরষণ করতে পারে সেই দেশ হচ্ছে পৃথিবীর সম্পদশালী দেশ। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি শেখার দরজা সবার জন্য খোলা, তাই আমরা যত তাড়াতাড়ি এই প্রযুক্তি শিখে নিতে পারব, তত তাড়াতাড়ি আমরা ডিজিটাল বাংলাদেশ গড়তে পারব এবং দেশকে সম্পদশালী করে গড়ে তুলতে পারব।

**প্রশ্ন– ২৫ ▶ বিনোদনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রভাব লেখ।**

**উত্তর :** বিনোদন এখন তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ওপর অনেকখানি নির্ভরশীল। বই পড়া, গান শোনা, সিনেমা দেখা থেকে শুরব করে এই প্রযুক্তি কম্পিউটার গেম খেলায় ব্যবহার করা শুরব হয়েছে। ক্রিকেট বা ফুটবল খেলা দেখাতে এই প্রযুক্তি চমৎকারভাবে ব্যবহার করা হচ্ছে। খেলার মাঠে না গিয়েও আমরা ঘরে বসে অনেক বড় বড় খেলা নিখুঁতভাবে দেখতে পারি। তবে তথ্য ও প্রযুক্তিগত বিনোদন ব্যবহার করে বাবা–মায়ের তাদের ছেলেমেয়েদের খেলার মাঠে ছোটাছুটি না করিয়ে কম্পিউটারের সামনে দীর্ঘসময় বিনোদনে ডুবে থাকতে দিচ্ছেন যা শিশুর মানসিক গঠনের জন্য মোটেও ভালো নয়।

**প্রশ্ন– ২৬ ▶ বর্তমান যুগকে ডিজিটাল যুগ বলা হচ্ছে কেন?**

**উত্তর :** একটা সময় ছিল যখন একটা সাধারণ চিঠি এক দেশ থেকে অন্য দেশে পাঠাতে এক–দুই সপ্তাহ লেগে যেত। কিন্তু এখন আমরা চিঠি কথা, ছবি, ভিডিও সবকিছু চোখের পলকে পৃথিবীর এক প্রান্তে বসে অন্য প্রান্তের লোকজনের কাছে পাঠিয়ে দিতে পারি। কারণ পুরো পৃথিবীটা এখন আমাদের হাতের মুঠোয়। একটা গ্রামে যেমন একজন মানুষ আরেকজনের সাথে যখন খুশি যোগাযোগ করতে পারে; ঠিক সেরকম পুরো পৃথিবীটাই যেন একটা গ্রাম, সবাই সবার সাথে যোগাযোগ করতে পারে। তাই বাস্তবে আমরা পাশাপাশি না থাকলেও কার্যত আমরা এখন সবাই পাশাপাশি। এর সবই সম্ভব হয়েছে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কারণে। আর এই তথ্য ও যোগাযোগ প্রযুক্তিকে বাস্তবে রূ পদান করার জন্য যে প্রযুক্তিটি সবচেয়ে বেশি সাহায্য করেছে সেটি হচ্ছে ডিজিটাল ইলেকট্রনিক্স। জীবনকে সহজ, আরামদায়ক ও আনন্দময় করার জন্য দৈনন্দিন জীবনের প্রায় সকল ৰেত্রে এখন ডিজিটাল ইলেকট্রনিক্স ব্যবহৃত হচ্ছে। এ কারণেই বর্তমান যুগকে ডিজিটাল যুগ বলা হচ্ছে।

**প্রশ্ন– ২৭ ▶ উপাত্ত ও তথ্যের পার্থক্য লেখ।**

**উত্তর :** নিচে উপাত্ত ও তথ্যের পার্থক্য উলেরখ করা হলো :

| উপাত্ত | তথ্য |
|---|---|
| ১. তথ্যের ক্ষুদ্রতম একককে বলা হয় উপাত্ত। | ১. উপাত্তের সাথে যদি কোনো ঘটনা বা প্রেৰাপট বা পরিস্থিতির সম্পর্ক থাকে তাহলে সেগুলোকে বলা হয় তথ্য। |
| ২. উপাত্তের কোনো অর্থ নেই তাই একে ব্যবহারও করা যায় না। | ২. তথ্য অর্থপূর্ণ এবং ব্যবহারযোগ্য। |
| ৩. উপাত্ত অর্থহীন বলে একে বিশেরষণ করে কিছু পাওয়া যায় না। | ৩. তথ্যকে বিশেরষণ করলে জ্ঞান পাওয়া যায়। |
| ৪. উদাহরণ : ৯৫, ৯৮, ৯২, ১০০ ইত্যাদি। | ৪. উদাহরণ : নাম– সুমি, বিষয়– বাংলা, প্রাপ্ত |

| উপাত্ত | তথ্য |
|---|---|
| | নম্বর– ৯২ ইত্যাদি। |

**প্রশ্ন– ২৮ ▶ তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কয়েকটি উল্লেখযোগ্য ব্যবহার লেখ।**

**উত্তর :** তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কয়েকটি উলেরখযোগ্য ব্যবহার নিম্নে দেওয়া হলো :

১. মোবাইল ফোন ব্যবহার করে যোগাযোগ করা যায়,
২. ডিজিটাল ক্যামেরা দিয়ে ছবি তোলা যায়,
৩. ব্যক্তিগত কম্পিউটারে কাজকর্ম করা যায়,
৪. টেলিভিশনে দেশ–বিদেশের খবর দেখা যায়,
৫. এটিএম মেশিন থেকে টাকা উত্তোলন করা যায়,
৬. ওয়াশিং মেশিন ব্যবহার করে কাপড় ধোয়া যায়,
৭. মাইক্রোওয়েভ ব্যবহার করে রান্না করা যায়,
৮. ই–বুক ব্যবহার করে বই পড়া যায়,
৯. সিটিস্ক্যান করে রোগ নির্ণয় করা যায়,
১০. জিপিএস ব্যবহার করে গাড়ি চালানো যায়।